

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।

www.dyd.gov.bd.

তারিখঃ ০৬/০৮/২০১৭খ্রিঃ।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৭১.০৯.- ৯৬

বিষয়ঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও খেলাপী আদায় প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ অর্থবছরে খুলনা বিভাগের আত্মকর্মসংস্থান ও পরিবার ভিত্তিক(মোড়লগঞ্জ) কর্মসূচির ঋণ কার্যক্রম বিশ্লেষণ করে লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ, খেলাপী ঋণ আদায়ে ব্যর্থ এবং অধিক কিস্তি খেলাপী রয়েছে এমন উপজেলার ঋণের তথ্য বিশ্লেষণ করে তা উল্লেখ করে ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলার চলমান আদায় শতভাগ অর্জন, সমুদয় কিস্তি খেলাপী এবং বিবেচ্য সময়ে খেলাপীতে যুক্ত অর্থ আদায় এবং অগ্রগতির পাক্ষিক প্রতিবেদন জেলা কার্যালয়ের মাধ্যমে সমন্বিত করে প্রেরণ করার নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে তেরখাদা উপজেলা ব্যতিত অন্য উপজেলা হতে পাক্ষিক প্রতিবেদন পাওয়া যায়নি। ডিসেম্বর/১৬ মাস শেষে উক্ত উপজেলাসমূহের ঋণের মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করে প্রাপ্ত তথ্য নিম্নরূপঃ

নং	জেলা	উপজেলা	২০১৬-১৭ অর্থবছরের বিতরণ				কিস্তি খেলাপী				ঋণ খেলাপী			
			লক্ষ্য মাত্রা	বিতরণ			জুন ১৬	আগস্ট ১৬	ডিসে ১৬	ব্যবধান	জুন/১৬	আগস্ট/ ১৬	ডিসে/ ১৬	ব্যবধান
				১ম দফা	অন্যান্য দফা	মোট								
১	নড়াইল	কালিয়া	৯.৬০	১১.৩০	০.০০	১১.৩০	১.৯৭	২.২২	২.১৬	০.১৯	১৩.৬৩	১২.৫৭	১২.০৬	-১.৫৭
২	যশোর	ঝিকরগাছা	১৪.৪০	১১.৭০	১১.৯০	২৩.৬০	২.১৬	১.৬৭	১.৬০	-০.৫৬	১৩.০৯	১১.৯৬	১০.৭৫	-২.৩৪
৩	বাগেরহাট	মোড়লগঞ্জ	১০.৪০	৩.০০	১.৪৫	৪.৪৫	৩.৯৬	৪.০০	৪.১১	০.১৫	১৪.৯৫	১৪.৯৪	১৪.৯৫	০.০০
	"	পারিঃ	৪.০০	৩.৫০	৬.৬০	১০.১০	৭.৭২	৮.৪৪	০.০৯	-৭.৬৩	২৯.৮২	২৯.৭৯	৪৪.৩৮	১৪.৫৬
৪	"	সদর	৯.৬০	৩.০০	৫.৪০	৮.৪০	৩.৬২	০.০০	১.৩০	-২.৩২	১৫.৯৭	০.০০	১৭.৪১	১.৪৪
৫	কুষ্টিয়া	দৌলতপুর	৯.৬০	৬.১০	১১.১০	১৭.২০	৪.২৪	৪.৭১	৪.২৩	-০.০১	৭.৫৭	৭.৫৭	৭.৫২	-০.০৫
৬	খুলনা	তেরখাদা	৯.৬০	৫.৭৫	১.৩০	৭.০৫	৩.২৯	৩.২৯	০.২২	-৩.০৭	৭.৮৪	৯.৭৩	১.৮৯	

০২। ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, কালিয়া ও ঝিকরগাছা উপজেলা ব্যতীত অন্য সকল উপজেলাই বিবেচ্য সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম দফার বিতরণ শতভাগ অর্জন করতে পারেনি। কালিয়া এবং মোড়লগঞ্জ(আত্রাঃ) উপজেলা জুন/১৬ তে বিরাজিত কিস্তি খেলাপী ডিসেম্বর/১৬ তে আরও বড় হয়েছে। মোড়লগঞ্জ(পরিঃ), সদর বাগেরহাট ও তেরখাদা কিস্তি খেলাপী কমলেও মোড়লগঞ্জ (পরিঃ) সমুদয় সদর বাগেরহাট ও তেরখাদা উপজেলা সিংহভাগ অংশ ঋণ খেলাপীতে যুক্ত হয়েছে। সকল উপজেলায় বিবেচ্য সময়ে কিস্তি খেলাপীতে যথাক্রমে ০.৪৮, ০.৯০, ০.১০, ৫.৯৮, ০.৮২, ২.৭০ এবং ০.৮৭ লক্ষ টাকা যুক্ত হয়েছে। এ বিষয়ে প্রদত্ত ৩০.১১.১৬ তারিখের মধ্যে সমুদয় কিস্তি খেলাপী আদায়ের নির্দেশনা উপেক্ষিত হয়েছে। বিবেচ্য সময়ে কালিয়া, ঝিকরগাছা মোড়লগঞ্জ(পরিঃ)তে যথাক্রমে ৭.২৩, ৬.০৩ ও ০.৫৬ লক্ষ টাকা ঋণ খেলাপীতে যুক্ত হয়েছিল। পরবর্তী ৬ মাসে(জুলাই-ডিসেম্বর/১৬) নতুন যুক্ত খেলাপীসহ পুরাতন খেলাপী আদায়ে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এবং মোড়লগঞ্জ(পরিঃ) সদর বাগেরহাট ও তেরখাদা যথাক্রমে ১৪.৫৬, ১.৪৪ ও ১.৮৯ লক্ষ টাকা যুক্ত হয়েছে।

০৩। মোড়লগঞ্জ উপজেলায় পরিবারভিত্তিক কর্মসূচির আগস্ট/১৬ ও ডিসেম্বর/১৬ মাসের প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, বিবেচ্য সময়ে ১৪.৫৬ লক্ষ টাকা ঋণ খেলাপীতে যুক্ত হয়েছে। এত বিশাল পরিমাণ অর্থ ঋণ খেলাপীতে যুক্ত হওয়ার পক্ষে কোন যুক্তি সংগত কোন কারণ পাওয়া যাচ্ছে না, কারণ আগস্ট/১৬ মাসের সমুদয় কিস্তি খেলাপীর (৮.৪৪) টাকা ঋণ খেলাপীতে যুক্ত হলেও ডিসেম্বর/১৬ মাসে ঋণ খেলাপী সর্বোচ্চ হওয়ার কথা ৩৮.২৩ লক্ষ টাকা, তৎস্থলে ঋণ খেলাপী ৪৪.৩৮ লক্ষ টাকা দেখানো হয়েছে। যা প্রকৃতির চেয়ে যথেষ্ট বেশী।

০৪। এ তে স্পষ্টই প্রতীয়মান হয় যে, কার্যালয়ের জনবল ঋণ কার্যক্রম বাস্তবায়নে যথেষ্ট উদাসীন। তার এ ধরনের আচরণ কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞার সামিল এবং খেলাপীর প্রকৃত তথ্য গোপনের দায়ে কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ১৪.০৩.১৭ তারিখের মধ্যে জানাতে বলা হলো। একইসাথে উক্ত উপজেলাসমূহকে বছরের শুরুতে বর্ণিত লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায়, চলমান আদায় শতভাগ অর্জন এবং ডিসেঃ/১৬ তে স্থিত কিস্তি খেলাপী আগামী ২৭/০৪/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে আদায় করতঃ জেলা কার্যালয়ের মাধ্যমে সমন্বিত করে পাক্ষিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে পুনরায় বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(কে এম জাহিদ হোসেন) ১০/১৭
সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)
ফোনঃ ৯৫১৫০১৯

- ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
..... উপজেলা জেলা।
২। ক্রেডিট সুপারভাইজার
..... উপজেলা জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৭১.০৯.- ৯৬

তারিখঃ ০৬/০৮/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলাকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন তদারকী নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট উপজেলাসমূহের সমন্বিত পাক্ষিক প্রতিবেদন তাঁর মমত্বব্যবসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
২। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪। দপ্তর নথি।

(কে এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)